

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/৫৪

তারিখ: ০৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি


বিষয়: ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (ICB) এর সাথে বিএসইসি'র মত বিনিময় সভা।

অদ্য ২০ অক্টোবর ২০২৪ তারিখে পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও সংস্কারসহ বিভিন্ন বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর সাথে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (ICB) এর একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত মত বিনিময় সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ এবং ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (ICB) এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবুল হোসেনসহ শীর্ষ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত মত বিনিময় সভার সূচনা বক্তব্যে বিএসইসি'র চেয়ারম্যান সভায় অংশগ্রহণকারী সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। এসময় তিনি অন্যান্যের মধ্যে বলেন, দেশের পুঁজিবাজারের উন্নয়ন ও কল্যাণের কেন্দ্রেবিন্দুতে রয়েছে সংস্কার। দেশের পুঁজিবাজারের টেকসই ও যথাযথ সংস্কারের জন্য বিএসইসি'র গঠিত টাস্কফোর্স স্বাধীনভাবে কাজ করছে এবং সংস্কারের পরিকল্পনায় টাস্কফোর্স এর অধীন পুঁজিবাজার সংশ্লিষ্ট ও অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে গঠিত বেশ কিছু ফোকাস গ্রুপ কাজ করবে বলে জানান তিনি। দেশের পুঁজিবাজারের সবচেয়ে বড় বিনিয়োগকারী ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সরকারি মালিকানাধীন বিনিয়োগ কোম্পানি হিসেবে দেশের পুঁজিবাজারের উন্নয়নে ICB-কে বিশেষ অবদান রাখতে হবে মন্তব্য করেন তিনি। পুঁজিবাজারের উন্নয়নের পথে বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করতঃ সমাধানের পদক্ষেপ গ্রহণ ও উদ্যোগী হওয়ার উপর গুরুত্বারোপ করেন তিনি। পুঁজিবাজারের টেকসই ও যথাযথ সংস্কার আনয়নে ICB সক্রিয়, দায়িত্বশীল ও অগ্রণী ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। দেশের পুঁজিবাজারের টেকসই উন্নয়নের জন্য দেশের মিউচুয়াল ফান্ড এর বিকাশ এবং বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি জরুরি বলে জানান তিনি। দেশে মিউচুয়াল ফান্ডকে আরো বেশি জনপ্রিয় করতে এবং এই খাতের উন্নয়ন ও বিকাশে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য ICB কে আরো উদ্যোগী হওয়ার আহ্বান জানান তিনি।

সভায় ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (ICB) এর শীর্ষ কর্মকর্তাবৃন্দ দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও সংস্কার সংক্রান্ত বিষয়ে বিএসইসি'র উদ্যোগের প্রশংসা করেন এবং উন্নয়ন ও সংস্কার বিষয়ে ICB এর পক্ষ হতে মতামত ও প্রস্তাবনা উপস্থাপন করেন। এসময় দেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বিকাশের বিষয়ে খোলামেলা আলোচনা হয়। মত বিনিময় সভায় অন্যান্যের মধ্যে জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের দীর্ঘমেয়াদি অর্থায়নের জন্য পুঁজিবাজার হতে অর্থ সংস্থানের নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ, সিকিউরিটিজ ট্রয়ের ক্ষেত্রে ট্রেড হোল্ডারস মার্জিন রেগুলেশন্স এর সংস্কার, গ্রাহকের সমন্বিত ব্যাংক হিসাবের সুদ বন্টন সংশ্লিষ্ট বিধিমালা সংস্কার, ব্রোকারেজ কমিশন এর যুক্তিসঙ্গত নিম্নসীমা নির্ধারণ, ট্রেডারী বন্ড এর লেনদেন ও সুদ প্রদান সহজীকরণ, দেশে বিদ্যমান সরকারি ও বহুজাতিক কোম্পানিসমূহকে পুঁজিবাজারে তালিকাভুক্তির উদ্যোগ গ্রহণ, মার্কেট মেকার কার্যক্রম দ্রুত বাস্তবায়ন, স্টক ব্রোকারের মাধ্যমে ট্রেডারী বিলের অকশনে অংশগ্রহণের সুযোগ প্রদান, স্বাস্থ্য-চিকিৎসা-পর্ষটন খাতের উন্নয়নে বিশেষায়িত বন্ড-গ্রিন ফাইন্যান্সিংসহ ব্লু-ইকোনোমিক জোন ভিত্তিক বিভিন্ন প্রোডাক্ট/সেবা চালুকরণ, সেকেন্ডারি মার্কেটে লেনদেনের ক্ষেত্রে শেয়ার সেটেলমেন্ট-এর সময়সীমার সংস্কার, পুঁজিবাজারের কর সংক্রান্ত পলিসির সংস্কার ইত্যাদি বিষয়ে বিভিন্ন প্রস্তাবনা উঠে এসেছে। পুঁজিবাজারে ভালো মৌলভিত্তিসম্পন্ন কোম্পানি তালিকাভুক্তকরণ ও নতুন পণ্য আনয়নে ICB এর প্রচেষ্টা অব্যাহত রয়েছে বলে জানান ICB কর্মকর্তাবৃন্দ। এছাড়াও দেশের মিউচুয়াল ফান্ড খাতের উন্নয়নের বিষয়েও আইসিবি বেশকিছু কৌশলগত প্রস্তাবনা সভায় তুলে ধরেন।

পুঁজিবাজারের সার্বিক সংস্কার সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান, সংগঠন ও অংশীজনদের সাথে মত বিনিময় করছে। সর্বোপরি, দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের মতামত ও অংশগ্রহণ এবং অংশীজনদের সহযোগিতায় একটি স্বচ্ছ ও সমৃদ্ধ পুঁজিবাজার গড়ে তুলতে বিএসইসি নিরলসভাবে কাজ করছে।


মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

